REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১লা পৌষ বুধবার ১৩৪৩ ইংরাজী 16th December 1936 | ২৯শ সংখ্যা

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ১/০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয়কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

**লোহার কড়ি**

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সস্তা দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

**হিলিংবাম**




সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪২ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

**স্যাঙ্গো**

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲ ; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

পু-জা-র বি-পু-ল আ-য়ো-জ-ন



**গ্রামোফোন**
মেসিন
||
**রেকর্ড**
ও
নানাবিধ সরঞ্জাম
সকল রকম গ্রামোফোন মেসিন ও রেকর্ড পাইবেন।

ডি, পি, গাঙ্গুলী
জঙ্গিপুর এজেন্সী
রঘুনাথগঞ্জ — চাউলপটী

**রাজশশী আয়ুর্ব্বেদ ভবন**

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয় ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান।
(স্থাপিত—সন ১৩৩২ সাল)

ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

## বিজ্ঞাপন

যেহেতু নিমতিতা এষ্টেটের মুর্শিদাবাদ জেলার অন্তর্গত থানা রঘুনাথগঞ্জের অধীন সুদর্শনবাটী, মাঠখাগড়া নয়ানন্দবাটী এবং বীরভূম জেলার অন্তর্গত মুরারই থানার অধীন মাঠ করমজা মহাল সমূহের তহশীলদার তাঁতিবিড়ল নিবাসী ইয়ার মহম্মদ বিশ্বাসকে ২৩শে অগ্রহায়ণ হইতে বরখাস্ত করা হইয়াছে। এতদ্বারা উক্ত মহাল সমূহের প্রজাবৃন্দকে সতর্ক করা হইতেছে যে তাহারা যেন অতঃপর উক্ত ইয়ার মহম্মদ বিশ্বাসকে অত্র এষ্টেটের প্রাপ্য খাজনাদি আর আদায় না দেয়। তহশীলদারী কার্য্য করা কালীন সে কেবলমাত্র মাঠ করমজা মহালের অত্র এষ্টেটের প্রচলিত মোহরাঙ্কিত চেক বহীর ১ হইতে ১৮নং চেক্ দ্বারা আইনানুসারে খাজনা আদায় করিয়াছে। উহার পরবর্ত্তী নম্বরের চেক্ লইয়া এবং অন্যান্য মহালের যে কোন চেক্ লইয়া যদি কোন প্রজা তাহাকে খাজনা দেয় তবে তাহা সে নিজ দায়িত্বে করিবে। ঐ খাজনা মজুরা দিতে অত্র এষ্টেট বাধ্য থাকিবে না। ইতি সন ১৩৪৩ সাল তারিখ ২৯শে অগ্রহায়ণ।

শ্রীকৃষ্ণনাথ মজুমদার।
ম্যানেজার নিমতিতা এষ্টেট।

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১লা পৌষ বুধবার সন ১৩৪৩ সাল

### বদলী।

জঙ্গিপুর দাতব্য চিকিৎসালয়ের জনপ্রিয় ডাক্তার শ্রীযুক্ত যামিনীকুমার মুখোপাধ্যায় মহাশয় ফরিদপুর জেলার রাজবাড়ী হাসপাতালে বদলী হইয়াছেন। তাঁহার কার্য্যকালে এখানকার হাসপাতালের অনেক নূতন নূতন যন্ত্রপাতি ও আসবাব পত্র বাড়িয়াছে। তিনি একটী কলেরা ওয়ার্ড স্থাপন করিবার জন্য বিশেষ চেষ্টা করিয়াছিলেন কিন্তু স্থানীয় ব্যক্তিগণের ঐকান্তিকতার অভাবে উহা সফল হয় নাই। তাঁহার চেষ্টায় একটী কমিটী গঠিত হইয়াছিল এবং কিছু টাকাও উঠিয়াছিল। আমাদের মনে হয় তিনি আরও কিছুদিন থাকিলে কলেরা ওয়ার্ডের জন্য জমি কেনা হইত। তিনি মিষ্টভাষী, সদালাপী ও কর্ত্তব্যনিষ্ঠ ব্যক্তি ছিলেন। তাঁহার ব্যবহারে সকলেই সন্তুষ্ট ছিলেন। আমরা তাঁহার উত্তরোত্তর উন্নতি কামনা করি।

### আগমন।

ডাক্তার শ্রীযুক্ত মদনগোপাল সামন্ত মহাশয় জঙ্গিপুর দাতব্য চিকিৎসালয়ের কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা এই নূতন অতিথিকে সাদরে অভ্যর্থনা করিতেছি। স্বাগতম্!

### হা-ডু-ডু-ডু প্রতিযোগিতার খেলোয়াড়দের অভিনন্দন।

( এস, মোদাসসর হোসেন। )

মোবারকবাদ, প্রতিযোগিতায়
হে বিজয়ী দল লহ সালাম
কি দিয়া করিব তোমাদের স্তুতি
নাই তার ভাষা নাই কালাম।
তোমাদের জয় ( শুধু ) কাপ জয় নয়
এ জয় হৃদয় দর্শকের—
তাই এত শুনি উল্লাস ধ্বনি
প্রাণ ঢালা স্রোত আনন্দের।
যাঁহার পূণ্য স্মৃতি নিয়ে এই
প্রতিযোগিতার হা-ডু-ডু রণ—
হয়ত ঝরিছে তাঁহারও আশীষ
স্বর্গ হইতে বাণী-বরণ
ধন্য আমরা হলাম দানিয়া
যোগ্য জনেরে পুরস্কার
ধন্য হলাম খনির মাঝারে
করিয়া এ মণি আবিষ্কার।

আজিকার রণে পরাজিত যারা
তাদেরেও আজি করি বরণ
অতীত খেলার জয় তাহাদের
নূতন করিয়া করি স্মরণ—
পরাজিত হ'য়ে মূল্য তাদের
কমেনি বরং বেড়েছে ঢের
নূতন করিয়া অতীতের কথা
হৃদয় মাঝারে জাগিছে ফের।
যদিও পুরুরে পরাজিত করে
সেকেন্দারের দিগ্বিজয়—
তবুও পুরুর গৌরব-গীতি
আজিও ঘোষিত বিশ্বময়
ধন্য হলাম পরাজিত বীরে
দিয়ে ভালবাসা পুরস্কার
ধন্য হলাম খনির মাঝারে
করিয়া এ মণি আবিষ্কার।

রাখালের খেলা পরিয়াছে আজ
নব গরিমার সভ্য-সাজ
পশ্চাতে রাখি অতীতের যত
বিপর্য্যয়ের গ্লানি ও লাজ
এখনও পায়নি পূর্ণতা সব
ভুল ভ্রান্তির হয়নি শেষ—
ঘটেছে তাহার বহু অঘটন,
নয় ইহা কোন হিংসা দ্বেষ
তবু মোরা করি ক্ষমা প্রার্থনা
হয়েছে অনেক ত্রুটি ও ভুল
আশা করি ক্ষমা করিবে সকলে
তাহাদের ক্ষমা গুণে অতুল
ধন্য আমরা হলাম পাইয়া
সহযোগিতার পুরস্কার
ধন্য হ'লাম প্রতিবেশীদের
মহত্ব করিয়া আবিষ্কার।

যদিও এ খেলা করেনি এখনও
বিশ্ববাসীর হৃদয় জয়
সভ্য জগতে বাড়িবে আদর
সে দিন এখন সুদূর নয়।
তাহারই স্বপন দেখে এই কবি
ভবিষ্যতের ঘুম-ঘোরে।
রাখালের খেলা নব নব সাজে
সভ্য জগতে লইবে বরে।
পাইব আমরা ইহাতেও কত
গোষ্ঠ, সামাদ, ম'না রশীদ
তারই আগমনী ধ্বনে এই বুকে
জাগিতেছে বুকে খুসীর ঈদ
কে জানে তখন এই বুদ্দিন,
বুদ্ধু, এসা'ক, ভোলা, জাবুল
যাবেনা বিজয়ে বর্ম্মা, জাপান
জাভা, শ্যামদেশ, চীন, কাবুল
ধন্য সেদিন হইবে ভারত
ধন্য হ'বে এ পুরস্কার
এমনি করিয়া কত কত মণি
জ্বলিবে হইয়া আবিষ্কার।

---

## নীলামের ইস্তাহার।

### চৌকী জঙ্গিপুর দ্বিতীয় মুনসেফী আদালত।

### নীলামের দিন ২১শে ডিসেম্বর ১৯৩৬।

১৬২২ খাং ডিঃ কেশরী সিংহ নাহার দেং এলাহিবক্স দফাদার দাবি ১৪৫৯ থানা সাগরদীঘি মৌজে দস্তুরহাট ২৬ শতকের কাত ১।/১০ আঃ ৩৲ খং ২৩৮ রায়ত স্থিতিবান।

১৬২৩ খাং ডিং ঐ দেং ঐ দাবি ২৮৶০ মৌজাদি ঐ ১-৬৩ শতকের কাত ৩।/০ আঃ ৮৲ খং ২৪০ ঐ স্বত্ব

১৬২৪ খাং ডিঃ ঐ দেং সুমরুদ্দিন সেখ দীং দাবি ২৯।/৬ মৌজাদি ঐ ১-১৫ শতকের কাত ৪৲৫ আঃ ১০৲ খং ৬২৬ ঐ স্বত্ব

১৬২৫ খাং ডিঃ ঐ দেং মসরুল্লা সেখ দাবি ২৩।০ মৌজাদি ঐ ১-৭৬ শতকের কাত ২॥১০ আঃ ৪৲ খং ৪৯৮ ঐ স্বত্ব

১৬২৬ খাং ডিঃ ঐ দেং সদানন্দ মণ্ডল দাবি ৩৯৶০ মৌজাদি ঐ ২-৩০ শতকের কাত ৫৲ আঃ ৫৲ খং ২৩১ ঐ স্বত্ব

১৬২৮ খাং ডিঃ ঐ দেং সমুরুদ্দিন সেখ দীং দাবি ৪১॥৵ মৌজাদি ঐ ৩-৩০ শতকের কাত ৫॥০ আং ১৪৲ খং ৬২৫ ঐ স্বত্ব

১৬২৯ খাং ডিঃ ঐ দেং এলাহিবক্স মণ্ডল দাবি ১০।৵৯ মৌজাদি ঐ ৫৬ শতকের কাত ॥৶১০ আঃ ২৲ খং ২৬৯ ঐ স্বত্ব

১৬৩২ খাং ডিঃ ঐ দেং আরেজ বেওয়া দাবি ৪৪॥/০ মৌজাদি ঐ ১-৫২ শতকের কাত ৫৸/১২॥ আঃ ১৫৲ খং ১৯৮ ঐ স্বত্ব

১৬৩৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৪॥৯ মৌজাদি ঐ ১-৮০ শতকের কাত ৬৸০ আঃ ১৭৲ খং ৫৫০ ঐ স্বত্ব

১৬৩৪ খাং ডিঃ ঐ দেং হীরালাল মণ্ডল দীং দাবি ৮২৵০ মৌজাদি ঐ ৩-৪৮ শতকের কাত ১৩৲ আঃ ৩২৲ খং ৫৩২ ঐ স্বত্ব

১৬৩৫ খাং ডিঃ ঐ দেং সারাফত সেখ দাবি ৬৭৵৬ মৌজাদি ঐ ২-৮২ শতকের কাত ১০।৵৫ আঃ ২৫৲ খং ৬০৮ ঐ স্বত্ব

১৬৩৬ খাং ডিঃ ঐ দেং আরেজ বেওয়া দাবি ৫১।৶০ মৌজাদি ঐ ১-৪৮ শতকের কাত ৮।৵২ আঃ ২২৲ খং ১৯৭ ঐ স্বত্ব

১৬৪১ খাং ডিঃ ঐ দেং রহিম সেখ দীং দাবি ৫০॥/৯ মৌজাদি ঐ ১-৬৯ শতকের কাত ৭৸১০ আঃ ২০৲ খং ৫৭০ ঐ স্বত্ব

১৬৪৩ খাং ডিঃ ঐ দেং ফাজিল সেখ দাবি ১৯।০ মৌজাদি ঐ ৭ শতকের কাত ২।০ আঃ ৬৲ খং ৫৪৬ ঐ স্বত্ব

১৬৪৫ খাং ডিঃ ঐ দেং চারু সেখ দাবি ১৬৶৯ মৌজাদি ঐ ৭ শতকের কাত ১৸০ আঃ ৯৲ খং ৭১৮ ঐ স্বত্ব

১৬৪৬ খাং ডিঃ ঐ দেং ফাজিল সেখ দাবি ২১৸৯ মৌজাদি ঐ ৯৩ শতকের কাত ২॥৶১০ আঃ ১৫৲ খং ১৭০ ঐ স্বত্ব

১৬৪৭ খাং ডিঃ ঐ দেং আজাহার খাঁ দাবি ১৬।৬ মৌজাদি ঐ ১২ শতকের কাত ১৸০ আঃ ৫৲ খং ১৭১ ঐ স্বত্ব

১৬৪৯ খাং ডিঃ ঐ দেং মেসের সেখ দাবি ১৭॥৶৬ মৌজাদি ঐ ৪৭ শতকের কাত ১৸৶৬॥ আঃ ৬৲ খং ৫১৭ ঐ স্বত্ব

১৬৫০ খাং ডিঃ ঐ দেং মেজাত সেখ দীং দাবি ২২॥/৬ মৌজাদি ঐ ৫৪ শতকের কাত ২৸৵০ আঃ ১০৲ খং ৩৫৮ ঐ স্বত্ব

১৬৫১ খাং ডিঃ ঐ দেং গোবিন্দ মণ্ডল দীং দাবি ৭৮৸৬ মৌজাদি ঐ ৪-৫১ শতকের কাত ১৩।০ আঃ ৪০৲ খং ৩৩১ ঐ স্বত্ব

১৬৫২ খাং ডিঃ ঐ দেং রফাত সেখ দাবি ১৯।৩ মৌজাদি ঐ ৭ শতকের কাত ২।০ আঃ ৮৲ খং ৫৪৬ ঐ স্বত্ব

১৬৪০ খাং ডিঃ ঐ দেং সাইফুদ্দিন সেখ দাবি ১৭৲৩



ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য
সংরক্ষণের অভিনব
প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

শিশুদিগের কোমল চর্ম্মে
নিরাপদে ব্যবহার
করা যায়।

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।


স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কার-খানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৭২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।





চুলের গোড়া শক্ত করিয়া চুলের শ্রী বৃদ্ধি করিতে, মাথা ঠাণ্ডা রাখিতে, অনিদ্রা ও শ্রান্তি দূর করিয়া চিত্তে প্রসন্নতা দান করিতে, "জবাকুসুম" আজিও অদ্বিতীয়।

সি. কে. সেন এণ্ড কোং, লিঃ
২৯নং কলুটোলা ষ্টীট কলিকাতা

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

এখানে মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




### সার্জ্জারী জগতে যুগান্তর !

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মুল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

## দামোদর সুধা

ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। মুল্য ॥৵০ প্লীহার মালিষ সমেত ১৲

## ভাইট্যালী—জীবনীশক্তিবর্দ্ধক !

ইহা সেবনে—প্রমেহজনিত স্নায়বিক দৌর্ব্বল্য, মাথাঘোরা, শারীরিক শীর্ণতা, অম্ল, অজীর্ণ, প্রস্রাবের দোষ, বহুমূত্র, দুঃস্বপ্ন, অর্শ, এবং স্ত্রীলোকদিগের বাধক, শ্বেত ও রক্তপ্রদর এবং সূতিকা প্রভৃতি আরোগ্য হয়। মূল্য ১৲ মাত্র। ১ শিশিতে প্রায় ১ মাসের ঔষধ থাকে।

প্রাপ্তিস্থান ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্
ফত্তেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

সন ১৩৪৩ সালের ক্যালেণ্ডার বিনামূল্যে বিতরিত হইতেছে




সকল প্রকার স্ত্রীরোগের মহৌষধ। অশোকা সেবনে অনিয়মিত রজঃস্রাব, জরায়ুর প্রদাহ, শিরোঘূর্ণন ও অনিদ্রা প্রভৃতি উপসর্গ শীঘ্রই প্রশমিত হয়



সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ

ম্যালেরিয়া, সবিরাম, অবিরাম, পালাজ্বর প্রভৃতি যাবতীয় জ্বরের অব্যর্থ ও পরীক্ষিত মহৌষধ একজন বহুদর্শী বিশেষজ্ঞের আবিষ্কার।

সি. কে. এস পল্টন মার্কা
ফিভার মিক্‌শ্চার
সি. কে. সেন এণ্ড কোং লিঃ
কলিকাতা।

## সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ.
শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ, এফ.সি.এস (লণ্ডন)
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চ:—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনসুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *
লণ্ডন এজেন্সি—হাই-হল্‌বরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲

## হোমিও ঔষধ ! হোমিও ঔষধ !!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র।
উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৴০ কমিশন বাদ।

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)



রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।